গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.৯৯.০০১৭.২৩.২১৬

তারিখ: ১৪ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
৩০ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: তানভীর ফ্যাশন নামক কারখানার অনুকূলে ৩য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদান

সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন নং-১০৩৮, তারিখঃ ১৬/১০/২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তানভীর ফ্যাশন, অফিস ও কারখানাঃ সি-১৮৯, এনায়েতনগর, গোদনাইল, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ নামক শিল্প প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিমুখী বস্ত্র শিল্প হিসেবে নিবন্ধিত। যার বস্ত্র অধিদপ্তরে নিবন্ধন সংখ্যা- বস্ত্র/এমআই/আরএমজি/এল-০০০১২৩-২৩, তারিখ: ২২/০৫/২০২৩ খ্রিঃ এবং শিল্প উপখাতঃ "নিটিং"। প্রতিষ্ঠানটির অনুকুলে জারীকৃত শিল্প আই আর সি নং-২৬০৩২৬১২০৪৫২৭২৩, তারিখঃ ২৯/০৯/২০২৪ খ্রিষ্টাব্দ জারী করা হয়। প্রতিষ্ঠানটির কর্তৃপক্ষ বিভিন্ন অসুবিধার কারনে ২য় এডহক সুবিধার বিপরীতে কাঁচামাল আমদানি করতে না পারায় কারখানা কর্তৃপক্ষ আমদানী স্বত্ব হ্রাস পূর্বক ৩য় এডহক শিল্প আইআরসি সুবিধার অনুকুলে কাঁচামাল আমদানির সুবিধা প্রদানের আবেদন জানালে তাদের দাখিলকৃত কাগজপত্রাদি পরীক্ষা-নিরীক্ষার আলোকে কারখানাটির অনুকূলে ষান্মাসিক আমদানি স্বত্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ)) টাকা হতে হ্রাস পূর্বক ষান্মাসিক আমদানী স্বত্ব ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা নির্ধারণ করে ৩য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, ১০০% রপ্তানিমূখী শিল্প হিসেবে প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ এর বিধি বিধান যথাযথভাবে পালন করতে হবে।

২। অতএব, উল্লেখিত বর্ণনার প্রেক্ষিতে বর্তমান আমদানি নীতি আদেশ ও অন্যান্য সরকারী নিয়মনীতি প্রতিপালন স্বাপেক্ষে তানভীর ফ্যাশন এর অনুকুলে কাঁচামাল আমদানির জন্য কারখানাটির অনুকূলে ষান্মাসিক আমদানি স্বত্ব ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা নির্ধারণ করে ৩য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদান করা হলো।

৩। উল্লেখ্য যে, অত্র সুপারিশ পত্র উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আইনগত কোন দায়মুক্তি প্রদান করে না।

৩০-১০-২০২৫
মোঃ সাইফুর রহমান
উপপরিচালক (কারিগরি)

প্রধান নিয়ন্ত্রক
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা,৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.৯৯.০০১৭.২৩.২১৬/১ (৫)

তারিখ: ১৪ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
৩০ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব), নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।
২। কমিশনার, কাস্টম বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।
৩। স্বত্ত্বাধিকারী, তানভীর ফ্যাশন, অফিস ও কারখানাঃ সি-১৮৯, এনায়েতনগর, গোদনাইল, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ।
৪। ওয়ানস্টপ সার্ভিস সেন্টার, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
৫। এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

৩০-১০-২০২৫
কামরুল আলম
সহকারী পরিচালক (কারিগরি)।